এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# সমাজকর্ম-প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১.▶ শারমিন সবে এসএসসি পাস করে উচ্চ মাধ্যমিকে ভর্তি হয়েছে তার প্রিয় একটি বিষয় সমাজকর্ম। বর্তমানে বিশ্বব্যাপী একটি সাহায্যকারী পেশা, কলা, সক্ষমকারী প্রক্রিয়া ও ব্যবহারিক সমাজবিজ্ঞান। শারমিনের কাছে মনে হয় সমাজকর্ম একটি বিকাশশীল বিজ্ঞান। তাই এটি একটি সুগঠিত পদ্ধতি, পরিকল্পিত সাহায্য প্রক্রিয়া, সমস্যার স্থায়ী ও বিজ্ঞানভিত্তিক সমাধান দেয়। মানুষের প্রতিভার বিকাশ ঘটিয়ে স্বাবলম্বী ও সক্ষম করে তোলে। শারমিন তাই ভবিষ্যতে সমাজকল্যাণ প্রতিষ্ঠানে নিয়োজিত হয়ে সমাজের মানুষের সেবা করতে আগ্রহী।

ক. সমাজকর্ম শিক্ষা কী? ১
খ. সমাজকর্ম বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আলোকে সমাজকর্মের প্রকৃতি ও বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ও সিলেবাস ভিত্তিক বইয়ের আলোকে সমাজকর্মের লক্ষ্যসমূহ আলোচনা কর। ৪

২.▶ ১৭৬০ সাল থেকে ১৮৫০ সাল পর্যন্ত সময় একটি বিশেষ ঘটনার কারণে গুরুত্বপূর্ণ। কারণ এ সময় ইউরোপ জুড়ে বিশেষ করে ইংল্যান্ডে নতুন যুগের সূচনা হয়। যার প্রেক্ষিতে মানুষের আর্থ-সামাজিক, রাজনৈতিক ও চিন্তাধারার জগতে ব্যাপক পরিবর্তন আসে।

ক. ইংল্যান্ডের COS কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. ১৬০১ সালের দরিদ্র আইনে 'সক্ষম দরিদ্র' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে ১৭৬০-১৮৫০ সালে বিশেষ ঘটনাটি কী? উক্ত ঘটনার বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
ঘ. উক্ত ঘটনা কীভাবে আর্থ-সামাজিক, রাজনৈতিক ও চিন্তাধারার আমূল পরিবর্তন নিয়ে আসে? তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩.▶ দরিদ্রদের সাহায্যার্থে ইংল্যান্ডে বহু দরিদ্র আইন প্রণয়ন করা হয়। প্লেগ রোগের প্রাদুর্ভাব, সামন্ত যুগের আবসান, শিল্প বিপ্লব প্রভৃতি কারণে আর্থ সামাজিক অবস্থার পরিবর্তনের কারণে ইংল্যান্ডের পূর্ববর্তী আইনগুলো অকার্যকর হয়ে পড়ে। এ অবস্থা মোকাবিলা করার উদ্দেশ্যে নতুন একটি দরিদ্র আইন প্রণয়ন করা হয়। যা পরবর্তী প্রায় তিনশত বছর যাবত ইংল্যান্ড ও

http://teachingbd.com

অন্যান্য দেশে মডেল দরিদ্র আইন অনুসরণ করা হয়।

ক. প্যারিশ অর্থ কী? ১

খ. অক্ষম দরিদ্র বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ইংল্যান্ডের কোন আইনের কথা বলা হয়েছে? এর তিনটি বিধান উপস্থাপন কর। ৩

ঘ. উদ্দীপকের আইনটির বাংলাদেশে প্রয়োগযোগ্যতা বিচার কর। ৪

**৪.** ▶ জনাব কাশেম সাহেব একজন ধর্মভীরু মানুষ। তিনি পরকালীন মুক্তির আশায় প্রায়ই দান খয়রাত করেন। সামাজিক দায়িত্ববোধ থেকে তিনি মানুষকে সহযোগিতা করেন। তার ছেলে একজন পেশাদার সমাজকর্মী। সে তার কাজের ক্ষেত্রে খুবই দায়িত্বশীল, সহনশীল, গোপনীয়তাবোধ সম্পন্ন, মর্যাদাবোধ সম্পন্ন। সে অর্থের বিনিময়ে মানুষের সমস্যা সমাধানের প্রচেষ্টা করে এবং সকলকেই সুন্দর ব্যবহারের মাধ্যমে গ্রহণ করে। সে কাজের মাধ্যমেই তার জ্ঞানের বিকাশ ঘটায় এবং উভয় পক্ষের অংশগ্রহণ ও সম্পদের যথাযথ ব্যবহারের প্রতি গুরুত্ব দেয়।

ক. বৃত্তি কাকে বলে? ১

খ. সমাজকর্ম পেশার বৈশিষ্ট্য কী কী? ২

গ. উদ্দীপকে কাশেম সাহেব-এর আচরণে মূল্যবোধের কোন বিষয়গুলো এসেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কাশেম সাহেবের ছেলের পেশাগত কাজের যে কথা বলা হয়েছে তাতে সমাজকর্মের কী কী নীতি এসেছে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৫.** ▶ জাহিদ সাহেব একজন সৎ ও ন্যায়পরায়ণ ব্যক্তি। এলাকার উন্নয়নে তিনি নিবেদিত প্রাণ। বাংলাদেশের মতো দরিদ্র দেশে সম্পদের অপচয়, অপব্যবহার তাকে পীড়িত করে। তাই তিনি গ্যাস, পানি, বিদ্যুৎ এবং অন্যান্য সকল রাষ্ট্রীয় সম্পদের কার্যকর ব্যবহারের বিষয়ে এলাকাবাসী এবং তার ছেলে-মেয়েদেরকে বলেন।

ক. পেশা কী? ১

খ. সমাজকর্মের মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিষয় সমাজকর্মের কোন মূল্যবোধের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মূল্যবোধের অনুসরণ সমাজকর্মের ক্ষেত্রে কতটা কার্যকর? যুক্তিসহ মতামত দাও। ৪

**৬.** ▶ জীবননগরের জমিদার খান জহিরুল ইসলাম এবং পলাশপুরের জমিদার সূর্য নারায়ণ চৌধুরী। তারা উভয়ে সৎ, ধার্মিক এবং প্রজাহিতৈষী ছিলেন। জমিদার খান জহিরুল ইসলাম তার সম্পত্তির একটি বড় অংশ জনকল্যাণ ও ধর্মীয় কাজের জন্য দান করেন। জমিদার সূর্য নারায়ণ চৌধুরীও তার সম্পত্তি একটি বড় অংশ ধর্মীয় কাজে উৎসর্গ করেন।

ক. 'যাকাত' শব্দের অর্থ কী? ১

http://teachingbd.com


খ. ধর্মগোলা বলতে কী বোঝ? ২
গ. জমিদার খান জহিরুল ইসলামের সম্পত্তি সম্প্রসারণের সাথে কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানের মিল রয়েছে? উক্ত প্রতিষ্ঠানকে কয়টি ও কী কী শ্রেণিতে ভাগ করা যায়? ৩
ঘ. জমিদার সূর্যনারায়ন চৌধুরী ও জমিদার খান জহিরুল ইসলামের অবদান যে দুটি ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানের সাথে সাদৃশ্যপূর্ণ তাদের তিনটি পার্থক্য লিখ। ৪

৭.▶ মিসেস মনোয়ারা বেগম দোয়েলপুর গ্রামের বাসিন্দা। তিনি স্কুলে গিয়ে শিক্ষার সুযোগ পাননি। কারণ সে সময়ে মেয়েদের শিক্ষার কোন সুযোগ ছিল না। বড় ভাই নাদিরুজ্জামানের কাছে রাতের অন্ধকারে আলো জ্বেলে পাঠ গ্রহণ করতেন। পরবর্তীতে তিনি আঁধারে নিমজ্জিত নারী সমাজের উদ্ধারে আত্মনিয়োগ করেন। তিনি নিজে বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করে নিজ গ্রামে মেয়েদের শিক্ষার ব্যবস্থা করেন। তিনি বিভিন্ন সভা, আলোচনায় শিক্ষা, বিশেষত নারী শিক্ষার গুরুত্ব ব্যাখ্যা করেন। এ ব্যাপারে তার লেখাও চমৎকার, আধুনিক ও সুখপাঠ্য।
ক. পাঠ্যবইয়ের কার সাথে উদ্দীপকের উল্লিখিত ব্যক্তির সাদৃশ্য রয়েছে? ১
খ. বেগম রোকেয়া কে ছিলেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মনোয়ারা বেগম এবং রোকেয়ার সমাজকল্যাণ কার্যক্রম তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে নারী শিক্ষার অগ্রদূত হিসেবে বেগম রোকেয়ার অবদান বিশ্লেষণ কর। ৪

৮.▶ রহিম মিয়া কাঠ কেটে মধু সংগ্রহ করে জীবিকা নির্বাহ করেন। সংসারে অভাব-অনটন লেগেই থাকে বলে ছেলেমেয়েদের স্কুলে পাঠাতে পারেন না। স্ত্রী উপায়ন্তর না দেখে স্বামীর আয় রোজগার বাড়ানোর জন্য একটি তাবিজ ঘরের দরজায় ঝুলিয়ে দেন। কিন্তু তার বড় মেয়ে কুসুম মনে করেন তাবিজ নয়, উন্নতির জন্য চেষ্টা করতে হবে। তাই সে ঘরের পাশে পড়ে থাকা সামান্য খালি জায়গায় লাউ, মিষ্টি কুমড়া ও কাঁচা মরিচের গাছ লাগায়। ফলে পরিবারের শাক-সবজির চহিদা পূরণের পাশাপাশি কিছু বাড়তি আয়ও হয়।
ক. 'Demography' শব্দের অর্থ কী? ১
খ. পৌরনীতিকে কেন নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলে? ২
গ. উদ্দীপকে রহিম মিয়ার সমস্যাটি সামাজিক বিজ্ঞানের কোন শাখার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ের জ্ঞানের মধ্যেই রহিম মিয়ার পরিবারের সমস্যার অপেক্ষাকতৃ স্থায়ী সমাধান সম্ভব। বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৯.




ক. ব্যক্তি সমাজকর্মের উপাদান কয়টি? ১

খ. দল সমাজকর্ম কাকে বলে? ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে সমাজকর্মের যে পদ্ধতির কথা ইঙ্গিত করা হয়েছে তা সংক্ষেপে আলোচনা কর। ৩

ঘ. সামাজিক সমস্যা সমাধানের ক্ষেত্রে উদ্দীপকের উক্ত পদ্ধতির ব্যবহার কি তুমি যথেষ্ট বলে মনে কর? বুঝিয়ে লেখ। ৪

১০. ▶ কলসপুর এলাকার শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি সমস্যা রয়েছে। এ সব সমস্যা সামাধানে এলাকার কিছু সচেতন যুবক ও প্রভাবশালী ব্যক্তি একত্রিত হয়ে একটি সংগঠন গড়ে তোলেন। তারা সকলেই মিলে একটি সুষ্ঠু পরিকল্পনা করার চেষ্টা করে এবং কিছু কর্মসূচি প্রণয়ন করে। কিন্তু সুষ্ঠু পরিকল্পনার গুরুত্বপূর্ণ বিষয়গুলো যেমন: লক্ষ্য নির্ধারণ, সামঞ্জস্য বিধান, তথ্য উপস্থাপন, পূর্ব প্রস্তুতি, বিভিন্ন কৌশল, সম্পদ সরবরাহ, জটিল সমস্যার সমাধান প্রক্রিয়া ইত্যাদি বিষয়গুলো না থাকায় পরিকল্পনাটি সফলতার মুখ দেখেনি।

ক. সমাজনীতি কী? ১

খ. জাতীয় শিক্ষানীতি ২০১০ এর গুরুত্বপূর্ণ চারটি বিষয় লেখ। ২

গ. উদ্দীপকের সংগঠনটির কী কী দুর্বলতার কারণে পরিকল্পনা সফল হয়নি ব্যাখ্যা কর। ৩

ঘ. সুষ্ঠ পরিকল্পনা প্রণয়নে সংগঠনের সমাজকর্মী কী ভূমিকা পালন করতে পারে? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

১১. ▶ বাংলাদেশে তৎকালীন পূর্ব পাকিস্তান আমলে ১৯৫৩ সালের ঢাকার কায়েতটুলিতে সর্বপ্রথম তিন মাসের এক প্রশিক্ষণ কোর্স চালুর মাধ্যমে একটি বিষয়ের যাত্রা শুরু হয়। আজকে এ বিষয়টি কলেজ, বিশ্ববিদ্যালয়গুলোতে পড়ানো হয়। অথচ সরকার ও জনগণ এখনো বিষয়টিকে যথাযথভাবে পেশাগত দৃষ্টিকোণ থেকে মূল্যায়ন করেনি। ফলে এ বিষয়ের বিশেষজ্ঞ কর্মীগণ অনেক ক্ষেত্রেই তাদের অবদান রাখতে সমস্যার সম্মুখীন হন।

ক. 'ঢাকা প্রজেক্ট' কত সালে চালু হয়? ১

খ. সমাজকর্মের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত সমাজকর্মী সৃষ্টির প্রতি গুরুত্ব আরোপ করা হয় কেন? ২

গ. উদ্দীপকে কোন বিষয় ও পেশার যাত্রা শুরুর ইঙ্গিত রয়েছে? প্রেক্ষাপটটি লিখ। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয় ও পেশার বিকাশের সাথে যুক্তরাষ্ট্রের ১৯৯৭ সালের একটি ঘটনার আংশিক সাদৃশ্য রয়েছে। পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# বিষয় ঃ সমাজকর্ম-প্রথম পত্র

বিষয় কোড: ২ ৭ ১

সময়- ৩০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. আমেরিকায় কত সালে CSWE প্রতিষ্ঠিত হয়?**

ⓚ ১৯৫২ সালে ⓛ ১৯৫৬ সালে
ⓖ ১৯৬৬ সালে ⓘ ১৯৭১ সালে

**২. উন্নয়নশীল দেশের সমস্যাগুলো-**

i. গ্রামকেন্দ্রিক
ii. পরস্পর নির্ভরশীল iii. সমাধান যোগ্য নয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৩. COS কী?**

ⓚ দান সমন্বয় সংগঠন
ⓛ দান সমন্বয় সমিতি ⓖ দান সংগঠন সমিতি
ⓘ দান সহযোগীতামূলক সমিতি

**নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**

শিল্প বিপ্লব পরবর্তী সমাজে উদ্ভূত বিভিন্ন জটিল ও বহুমুখী সমস্যার বৈজ্ঞানিক সমাধানের প্রেক্ষিতে আধুনিক সমাজ কর্মের উদ্ভব। সমাজকর্মের পেশাদারিত্বের বিকাশে উন্নত বিশ্ব বিশেষ করে ইংল্যান্ডের অবদান সবচেয়ে বেশি।

**৪. উদ্দীপকে ইংল্যান্ডের কোন অবদানের কথা বলা হয়েছে?**

ⓚ AASWE ⓛ COS
ⓖ AASW ⓘ CSWE

**৫. উক্ত প্রতিষ্ঠান গড়ে তোলার ফলে-**

i. সাহায্য দান প্রক্রিয়ার পুনরাবৃত্তি লোপ পায়
ii. সমাজকর্ম শিক্ষা বিকাশ লাভ করে
iii. জনগণের মধ্যে আত্মনির্ভরশীলতার মনোভাব সৃষ্টি হয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৬. সমাজকর্মের 'ত্রিবিধ ভূমিকা' বলতে বোঝায়-**

ⓚ প্রতিকার, প্রতিরোধ ও উন্নয়নমূলক
ⓛ পরিচর্যা, প্রতিকার ও বস্তুগত সহায়তামূলক
ⓖ পরিবর্তন, প্রতিরোধ ও অবস্তুগত সহায়তামূলক
ⓘ উন্নয়নমূলক, পরিচর্যা, পরামর্শমূলক

**৭. সমাজকর্মের বহুল প্রচলিত সংজ্ঞা প্রদান করেছেন কে?**

ⓚ Jamses Midgley ⓛ Walter A Friedlander
ⓖ Herbert Bisno ⓘ Gertrude Wilson

**৮. সমাজকর্ম এমন সেবা ব্যবস্থা যা-**

i. ব্যক্তি কেন্দ্রিক
ii. দল কেন্দ্রিক iii. সমাজ কেন্দ্রিক

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓛ ii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**

খুলনা রেলওয়ে স্টেশনের পাশের বস্তিতে বসবাসকারী কিশোরদের বেশিরভাগই নেশার ভয়াল থাবায় নিমজ্জিত হয়ে নেশার টাকা যোগাতে বিভিন্ন ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েছে।

**৯. উদ্দীপকের সমস্যাটি কোন ধরনের সমস্যা?**

ⓚ শিল্পায়ন ও নগরায়ণজনিত সমস্যা
ⓛ পারিবারিক সমস্যা
ⓖ অশিক্ষাজনিত সমস্যা
ⓘ স্বভাবগত সমস্যা

**১০. এরূপ অপরাধপ্রবণতার কারণ-**

i. দরিদ্রতা
ii. অনিশ্চিত জীবনযাত্রা
iii. অপরিকল্পিত নগরায়ন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১১. এশিয়ার কোন দেশে প্রথম শিল্প বিপ্লব ঘটে?**

ⓚ চীনে ⓛ সিঙ্গাপুরে
ⓖ দক্ষিণ কোরিয়ায় ⓘ জাপানে

**১২. শিল্প বিপ্লবের ফলে উদ্ভব হয়-**

i. স্বাতন্ত্র্যবাদ
ii. পুঁজিবাদ iii. সমাজতন্ত্রবাদ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৩. প্রথম দরিদ্র আইনটি কে প্রণয়ন করেন?**

ⓚ অষ্টম হেনরি
ⓛ রানি এলিজাবেথ
ⓖ রাজা তৃতীয় এডওয়ার্ড
ⓘ স্যার স্টুয়ার্ট লক

**১৪. প্রাচীনকালে সমাজসেবা কার্যক্রমের মূল প্রেরণা কী ছিল?**

ⓚ ব্যক্তি চেতনা ⓛ সামাজিকতা
ⓖ ধর্মীয় অনুশাসন ⓘ গোষ্ঠীচেতনা

**১৫. সাধারণ সমাজকর্ম পেশা ও সমাজকর্মীদের আচার আচরণকে নিয়ন্ত্রণ করে কোনটি?**

ⓚ মূল্যবোধ ও নীতিমালা
ⓛ উপাদান ও বৈশিষ্ট্য
ⓖ মূল্যবোধ ও উপাদান
ⓘ পদ্ধতি ও নীতিমালা

Teachingbd.com

১৬. সমাজের মানুষের সামগ্রিক মানদণ্ড হিসেবে কোনটি কাজ করে?
ক) সনাতন মূল্যবোধ  খ) ঐতিহ্যগত মূল্যবোধ
গ) সামাজিক মূল্যবোধ  ঘ) সাংস্কৃতিক মূল্যবোধ

১৭. পেশা কোন শব্দ থেকে উদ্ভূত?
ক) জার্মান  খ) ফারসি
গ) ইতালীয়  ঘ) আরবি

১৮. গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠার প্রয়োজন কেন?
ক) গণতন্ত্রের চর্চা করার জন্য
খ) ব্যক্তি স্বাধীনতা নিশ্চিত করার জন্য
গ) জীবনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য
ঘ) গণতন্ত্র সম্পর্কে জানার জন্য

১৯. প্রতিটি পেশাই পরিচালিত হয়—
i. বংশ মর্যাদা দ্বারা
ii. নীতিমালা দ্বারা  iii. মূল্যবোধ দ্বারা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

২০. পারিবারিক মূল্যবোধ গড়ে ওঠে-
i. আইনের ভিত্তিতে  ii. ঐতিহ্যের ভিত্তিতে
iii. বিশ্বাসের ভিত্তিতে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

২১. কোন সময়ে সতীদাহ প্রথা উচ্ছেদ আইন পাস হয়েছিল?
ক) ১৮২৯ সালের ৪ জানুয়ারি
খ) ১৮২৯ সালের ৪ মার্চ
গ) ১৯২৯ সালের ১৪ নভেম্বর
ঘ) ১৮২৯ সালের ৪ ডিসেম্বর

২২. যাকাতের প্রকৃত অর্থ হলো-
i. পবিত্রকরণ
ii. ধৌতকরণ
iii. বৃদ্ধিকরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**
মালিহা বাড়িতে কোন অতিথি আসলে তাকে কিছু খেতে না দিয়ে যেতে দেন না। এটি তাদের পারিবারিক ঐতিহ্য। আত্মীয়, ফকির, মিসকিন, সবাইকেই তিনি সমাদর করতেন।

২৩. মালিহার কাজটি কোন প্রতিষ্ঠান হিসাবে যৌক্তিক?
ক) সদকা  খ) যাকাত
গ) ওয়াকফ  ঘ) দেবোত্তর

২৪. এর মাধ্যমে প্রকাশ পায়-
i. দানের ইচ্ছা
ii. অহংকার বোধ
iii. সামাজিক বন্ধন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

২৫. মানুষ যা কিছু করে সবই হলো তার আচরণ। উক্তিটি কার?
ক) জন বি ওয়াটসনের  খ) জন সি রাচের
গ) রডিজারে  ঘ) ক্লাইডারের

২৬. পৌরনীতি কীভাবে সমাজের উন্নয়ন ঘটায়?
ক) নাগরিক শিক্ষা প্রদানের মাধ্যমে
খ) বৈবাহিক সম্পর্ক প্রতিষ্ঠার মাধ্যমে
গ) অর্থনীতির সংশ্লিষ্ট বিষয় আলোচনার মাধ্যমে
ঘ) রাজনীতি সম্পর্কিত আলোচনার মাধ্যমে

২৭. We Feeling কোন দলে থাকে?
ক) প্রাথমিক দলে  খ) মাধ্যমিক দলে
গ) অন্তর্দলে  ঘ) বর্হিদলে

২৮. ব্যক্তির সুপ্ত ক্ষমতার বিকাশ সাধন করে কোনটি?
ক) দল সমাজকর্ম  খ) ব্যক্তি সমাজকর্ম
গ) সমষ্টি সংগঠন ও উন্নয়ন
ঘ) সামাজিক প্রশাসন

**নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
রফিক এক সময় হেরোইনে আসক্ত হয়ে পড়ে। এমতাবস্থায় তার বড় ভাই তাকে একজন সমাজকর্মীর নিকট নিয়ে যায়। উক্ত সমাজকর্মী রফিকের সাথে ব্যক্তিগতভাবে কথা বলেন এবং তাকে অল্প সময়ের মধ্যে সুস্থ হয়ে ওঠার আশ্বাস দেন।

২৯. সমস্যাগ্রস্ত ব্যক্তির উক্ত সমস্যা সমাধান প্রক্রিয়ার কোন স্তরের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) অনুধ্যান
খ) অন্তবর্তীকালীন ব্যবস্থা
গ) সমস্যা নির্ণয়
ঘ) সমাধান

৩০. উক্ত সমাজকর্মী রফিককে—
i. অর্থনৈতিকভাবে সুবিধা প্রদান করবে
ii. সাময়িক ভাবে স্বস্তি দেবে
iii. সমস্যা মোকাবিলায় উদ্বুদ্ধ করবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com